

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর  
সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা)  
www.dme.gov.bd

রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন  
গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ  
হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৩.০২৩.১৮.১৯৫

তারিখ: ৩১ বৈশাখ ১৪২৫

১৪ মে ২০১৮

বিষয়: কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলাধীন খিরনশাল ইসলামিয়া ফাযিল মাদরাসার গভর্নিং বডিতে  
বিদ্যোৎসাহী সদস্য (ডিজির প্রতিনিধি) মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) খিরনশাল ইসলামিয়া ফাযিল মাদরাসার স্মারক নং-খি,ই,ফা,মা ২১/১৮ (খ) তারিখ: ২১.০৪.২০১৮ খ্রি.

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪ তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, খিরনশাল ইসলামিয়া ফাযিল মাদরাসার গভর্নিং বডিতে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোস্থ ১ নং স্মারকের মাধ্যমে মহোদয় কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়েছে।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় -

(ক) বিদ্যোৎসাহী সদস্য প্রাপ্তির নিমিত্ত প্রস্তাবিত তালিকার ২য় ব্যক্তি জনাব মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন মজুমদার বি.সি.এস সাধারণ শিক্ষা ক্যাডারের একজন কর্মকর্তা। তিনি (জনাব মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন মজুমদার) চৌদ্দগ্রাম সরকারি কলেজ, কুমিল্লা এর বাস্তববিজ্ঞান বিভাগের একজন সহকারী অধ্যাপক মর্মে মাদরাসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদনের সাথে সংযুক্ত পত্রে উল্লিখিত হয়েছে। তিনি শিক্ষা উন্নয়নে সরাসরি সরকারি ভাবে জড়িত এবং দীর্ঘ দিন সরকারি কলেজে কাজ করার অভিজ্ঞতার আলোকে বর্ণিত মাদরাসায় তিনি (জনাব মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন মজুমদার) বিদ্যোৎসাহী সদস্য হিসেবে কার্যকর ভূমিকা পালন করতে পারবেন মর্মে প্রতীয়মান হয়।

০৩. এমতাবস্থায় বর্ণিত বিষয়গুলো বিবেচনায় এনে সূত্রোস্থ ২নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফাযিল ও কামিল মাদরাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে জনাব মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন মজুমদার, সহকারী অধ্যাপক, বাস্তববিজ্ঞান বিভাগ, চৌদ্দগ্রাম সরকারি কলেজ, কুমিল্লা -কে উক্ত মাদরাসার গভর্নিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো।

১৫-৫-২০১৮

মোঃ আফাজ উদ্দিন

সহকারী পরিচালক

ফোন: ৪১০৩০১৬৭

অধ্যক্ষ

খিরনশাল ইসলামিয়া ফাযিল মাদরাসা ডাক: খিরনশাল, উপজেলা:

চৌদ্দগ্রাম, জেলা: কুমিল্লা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৩.০২৩.১৮.১৯৫/১(৪)

তারিখ: ৩১ বৈশাখ ১৪২৫

১৪ মে ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

১) রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ধানমন্ডি, ঢাকা।

২) অধ্যক্ষ, চৌদ্দগ্রাম সরকারি কলেজ, কুমিল্লা

৩) সভাপতি, খিরনশাল ইসলামিয়া ফাযিল মাদরাসা ডাক: খিরনশাল, উপজেলা: চৌদ্দগ্রাম, জেলা: কুমিল্লা

৪) জনাব মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন মজুমদার, সহকারী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ, চৌদ্দগ্রাম সরকারি  
কলেজ, কুমিল্লা



২৫-৫-২০১৮

মোঃ আফাজ উদ্দিন  
সহকারী পরিচালক